# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৮২৯

৪৬/ কিতাবুল আদব (كتاب الأدب عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ আপনার প্রতি আমার পিতা-মাতা কুরবান বলা।

بَابُ مَا جَاءَ فِي فِدَاكَ أَبِي وَأُمِّي

---

আরবী

حَدَّثَنَا الْحَسَنُ بْنُ الصَّبَّاحِ الْبَزَّارُ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنِ ابْنِ جُدْعَانَ، وَيَحْيَى بْنِ سَعِيدٍ، سَمِعَا سَعِيدَ بْنَ الْمُسَيَّبِ، يَقُولُ قَالَ عَلِيٌّ مَا جَمَعَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم أَبَاهُ وَأُمَّهُ لأَحَدٍ إِلاَّ لِسَعْدِ بْنِ أَبِي وَقَّاصٍ قَالَ لَهُ يَوْمَ أُحُدٍ " ارْمِ فِدَاكَ أَبِي وَأُمِّي " . وَقَالَ لَهُ " ارْمِ أَيُّهَا الْغُلاَمُ الْحَزَوَّرُ " . وَفِي الْبَابِ عَنِ الزُّبَيْرِ وَجَابِرٍ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ رُوِيَ مِنْ غَيْرِ وَجْهٍ عَنْ عَلِيٍّ .

وَقَدْ رَوَى غَيْرُ، وَاحِدٍ، هَذَا الْحَدِيثَ عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ، عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ، عَنْ سَعْدِ بْنِ أَبِي وَقَّاصٍ، قَالَ جَمَعَ لِي رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم أَبَوَيْهِ يَوْمَ أُحُدٍ قَالَ " ارْمِ فِدَاكَ أَبِي وَأُمِّي " .

বাংলা

২৮২৯. হাসান ইবন সাব্বাহ বাযযার (রহঃ) ...... আলী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, সা’দ ইবন আবূ ওয়াক্কাস ছাড়া আর কারো জন্য রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পিতা-মাতা কুরবান- এ কথা বলেন নি। তিনি উহূদ যুদ্ধের দিন তাকে বলেছিলেন, তীর নিক্ষেপ কর তোমার জন্য আমার পিতা-মাতা কুরবান, আরো বলেছিলেন, তীর নিক্ষেপ কর, হে শক্তিশালী যুবক।

"হে শক্তিশালী যুবক" এর উল্লেখ মুনকার, বুখারি ও মুসলিম এই অতিরিক্ত অংশ ব্যাতিত বর্ণনা করেছেন। তিরমিজী হাদিস নম্বরঃ ২৮২৯ [আল মাদানী প্রকাশনী]

এ বিষয়ে যুবায়র ও জাবির রাদিয়াল্লাহু আনহুমা থেকেও হাদীস বর্ণিত আছে। এ হাধীসটি হাসান-সহীহ। আলী রাদিয়াল্লাহু আনহু থেকে একাধিক সূত্রে এটি বর্ণিত আছে। একাধিক রাবী এ হাদীসটি ইয়াহ্ইয়া ইবন সাঈদ-সাঈদ ইবন মুসায়্যাব-সা’দ ইবন আবূ ওয়াক্কাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেছেন, তিনি বলেন, রাসূলুল্লাহ্

সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উহুদের দিন আমার জন্য একত্র করে তাঁর ’পিতা-মাত কুরবান’- এ কথা বলেছেন।

## English

Narrated 'Ali:
"The Messenger of Allah (ﷺ) did not mention both of his parents for anyone except Sa'd bin Abi Waqqas. On the Day of Uhud he said: 'Shoot, may my father and mother be ransomed for you.' And he said to him: 'Shoot! O young man.'"

Narrated Sa'd bin Abi Waqqas:
"The Messenger of Allah (ﷺ) mentioned both of his parents to me on the Day of Uhud."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38181

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন